যুগান্তর

তারিখ ... 12 NOV 2015 ...
পৃষ্ঠা ... ১৭ ... কলাম ... ২ ...

যুগান্তরে সংবাদ প্রকাশ

# ফতুল্লায় ফরম পূরণের অতিরিক্ত টাকা ফেরত দিল স্কুল কর্তৃপক্ষ

ফতুল্লা প্রতিনিধি

ফতুল্লার নবীনগর শাহ ওয়ার আলী উচ্চ বিদ্যালয়ের ৯৪ জন এসএসসি পরীক্ষার্থীর কাছ থেকে ফরম পূরণের নামে হাতিয়ে নেয়া অতিরিক্ত অর্থ ফেরত দিতে স্কুল কর্তৃপক্ষকে বাধ্য করেছেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা। 'সুদে টাকা এনেও মেয়ের ফরম পূরণ করতে পারেনি মা' শিরোনামে দৈনিক যুগান্তরে প্রকাশিত সংবাদ পড়ে ইউএনও বুধবার সকালে ওই স্কুলে গিয়ে কর্তৃপক্ষকে নির্দেশ দেয় অতিরিক্ত অর্থ ফেরত দেয়ার। সদর ইউএনও আফরোজা আক্তার চৌধুরী জানান, বুধবার সকালে দৈনিক যুগান্তরে শাহ ওয়ার আলী উচ্চ বিদ্যালয়ে এসএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে ফরম পূরণের নামে অতিরিক্ত অর্থ হাতিয়ে নেয়া হয়েছে এবং একজন মা সুদে টাকা এনেও ফরম পূরণ করতে পারেনি। এ সংবাদটি পড়ে স্থানীয় ইউপি চেয়ারম্যানের সঙ্গে যোগাযোগ করে স্কুলটির ম্যানেজিং কমিটি ও প্রধান শিক্ষকসহ অন্যদের উপস্থিত থাকতে বলি। পরে সকালেই স্কুলটিতে গিয়ে ৯৪ জন এসএসসি পরীক্ষার্থীর কাছ থেকে নেয়া অতিরিক্ত অর্থ ফেরত দিতে স্কুল কর্তৃপক্ষকে বাধ্য করেছি। তারা শুধু বোর্ড ফি ছাড়া বাকি সব টাকা শিক্ষার্থীদের কাছে ফেরত দিয়েছে। ওই স্কুলের টেস্ট পরীক্ষায় উত্তীর্ণ ৯৮ জন শিক্ষার্থীদের মধ্যে পঞ্চাশের অধিক শিক্ষার্থীর পরিবার দরিদ্র। এ বিষয়ে ইউএনও আরও জানান, নারায়ণগঞ্জের আরও বেশ কিছু স্কুলে এসএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত অর্থ নেয়ার অভিযোগ রয়েছে। এ বিষয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) শাহীন আরা বেগমের সঙ্গে আমার কথা হয়েছে। যদি কোনো স্কুলের বিরুদ্ধে এ ধরনের অভিযোগ পাওয়া যায় তাহলে নবীনগর স্কুলের মতো তাদেরও অতিরিক্ত টাকা ফেরত দিতে হবে।